

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং- ১৫/মূসক/২০১৫

তারিখঃ ২২ অগ্রহায়

নং, ১৪২২ বঙ্গাব্দ/০৬ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ।

যেহেতু আঞ্জুমান মুফিদুল ইসলাম নামীয় প্রতিষ্ঠানটি উহার কর্মপরিধিকে সম্প্রসারণ করিবার লক্ষ্যে ঢাকায় নিজস্ব জায়গায় একটি ভবন নির্মাণ করিবে এবং আঞ্জুমান মুফিদুল ইসলাম এর প্রস্তাবিত উক্ত বহুতল ভবন “আঞ্জুমান জে আর টাওয়ার” নির্মাণের জন্য নির্মাণের সম্ভাব্য প্রাক্কলিত ব্যয় উল্লেখপূর্বক নির্মাণ সংস্থা (সেবা কোড ১০০৪.০০), কনসালটেন্সী সার্ভিস (সেবা কোড ১০৩২.০০) এবং প্রয়োজনীয় নির্মাণ সামগ্রী ক্রয়ের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির জন্য আবেদন করিয়াছে; এবং

যেহেতু আঞ্জুমান মুফিদুল ইসলাম- সংস্থাটিকে জনকল্যাণমূলক সংস্থা হিসেবে প্রস্তাবিত ভবন নির্মাণ কাজের উপর হইতে মূসক অব্যাহতি প্রদান করা হইলে নির্মাণ ব্যয় হ্রাস পাইবে এবং ফলশ্রুতিতে দেশের হতদরিদ্র মানুষ উপকৃত হইবে মর্মে প্রতিষ্ঠানটি আবেদনে উল্লেখ করিয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, আঞ্জুমান মুফিদুল ইসলাম প্রতিষ্ঠানটির প্রস্তাবিত “আঞ্জুমান জে আর টাওয়ার” নির্মাণের ক্ষেত্রে ‘নির্মাণ সংস্থা’ বাবদ এবং প্রয়োজনীয় নির্মাণ সামগ্রী ক্রয় ও নির্মাণ সংশ্লিষ্ট কনসালটেন্সী সার্ভিস এর বিপরীতে প্রযোজ্য মূল্য সংযোজন কর বাবদ ৮৩ কোটি ৮৪৩ লক্ষ টাকা পরিশোধ হইতে অব্যাহতি প্রদান করিল।

জনস্বার্থে এ আদেশ জারি করা হইল এবং উহা অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত-০৬/১২/২০১৫খ্রিঃ
(মোঃ নজিবুর রহমান)
চেয়ারম্যান

প্রাপকঃ

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।

তঁাহাকে উল্লিখিত আদেশ এর ৩০০(তিনশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৯.০৬.০০৬.১২

তারিখঃ ০৬/১২/২০১৫খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, আপীলাত ট্রাইবুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা, ঢাকা।
- ০২-১৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/খুলনা/যশোর/সিলেট/রাজশাহী/কুমিল্লা/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক) ঢাকা।
- ১৪-১৯। কমিশনার, শুল্ক ভবন, ঢাকা/ চট্টগ্রাম/ মংলা/বেনাপোল/পানগাঁও/আইসিডি (কমলাপুর)।
- ২০। মহাপরিচালক, মূসক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ৬৯, গুলফৈশা প্লাজা, বড় মগবাজার, ঢাকা-১২১৭।
- ২১-২২। কমিশনার, শুল্ক, আবগারী ও মূসক (আপীল), ঢাকা আঞ্চলিক অফিস/চট্টগ্রাম।
- ২৩-২৪। মহাপরিচালক, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
- ২৫। মহাপরিচালক, শুল্ক, আবগারী ও মূসক প্রশিক্ষণ একাডেমী, পাহাড়তলী, চট্টগ্রাম।
- ২৬-২৮। প্রথম সচিব (মূসক নীতি ও বাজেট)/(মূসক বাস্তব সেবা ও প্রত্যর্পণ)/(মূসক বাস্তব পণ্য ও নিরীক্ষা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৯। প্রথম সচিব, শুল্ক: নীতি ও বাজেট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩০। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩১। ব্যক্তিগত সহকারী, সদস্য (মূসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩২। সভাপতি, আঞ্জুমান মুফিদুল ইসলাম, ৪২ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০।
- ৩৩। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের নিমিত্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।

(মোঃ শামসুল আরেফিন খান)

দ্বিতীয় সচিব (মূসক)

(মূসক অভ্যন্তরীণ অব্যাহতি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৪৪০

ই-মেইল: arafin28@gmail.com